তারিখ ... 15/9/78 ...
পৃষ্ঠা... ... কলাম... ...

দৈনিক বাংলা

045

# আমাদের জনসংখ্যা ৮ কোটি ৬০ লাখ

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশের বর্তমান জনসংখ্যা হচ্ছে ৮ কোটি ৬০ লাখ। গত দু বছরে দেশের জনসংখ্যা সোয়া কোটি বেড়েছে।

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের সূত্রে জানা গেছে, দেশে জনসংখ্যা বৃদ্ধির হার কিছুটা কমেছে। তা সত্ত্বেও প্রতি বছর হাজারে ২৮ জন লোক বাড়ছে। এ হিসেবে আগামী ২০০০ খৃস্টাব্দে দেশের জনসংখ্যা প্রায় দ্বিগুণ অর্থাৎ ১৭ কোটিতে দাঁড়াবে।

বর্তমানে দেশে জন্মের হার হাজারে ৪৫ জন এবং মৃত্যুর হার হাজারে ১৭ জন। প্রতি মিনিটে জন্ম হয় ৭টি শিশুর। দেশে পরিবারে গড়ে সদস্য সংখ্যা ৬ জন। শতকরা ২৫ জন শিশু ৫ বছর বয়স পুরো হওয়ার আগেই মারা যায়। শতকরা ৩ দশমিক ৫ জন শিশু স্বাভাবিক পুষ্টিপ্রাপ্ত হয়।